



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

কার্যালয় : আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট-৩১০০

স্মারক নং : সিশিবো/বিদ্যা/কমিটি(বিবিধ)/৪১৬

তারিখঃ ০৪/০৩/২০১৮ খ্রিঃ

বিষয় : ম্যানেজিং কমিটিতে শিক্ষক প্রতিনিধি নির্বাচনে প্রধান শিক্ষক ও সহকারী প্রধান শিক্ষকের ভোটাধিকার প্রয়োগ প্রসঙ্গে।

সূত্র : স্মারক নং- উমাশিঅ/দিরাই/সুনাং/৪-৪৪/২০১৮/২৭, তারিখঃ ২৫/০২/২০১৮ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রে উল্লেখিত আবেদনের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট (মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্তরের বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের “গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি প্রবিধানমালা-২০০৯”) এর ৭ ধারার ১(খ) উপধারা অনুযায়ী সকল শিক্ষকের মধ্য হতে তাঁদের ভোটে দুইজন সাধারণ শিক্ষক ম্যানেজিং কমিটিতে সদস্য নির্বাচিত হবেন। পরবর্তীতে শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.০৬.০৩৪.১২-৭৯৪, তারিখঃ ১২/১১/২০১২ মোতাবেক সাধারণ শিক্ষকের সংজ্ঞাটি নিম্নোক্তভাবে স্পষ্টীকরণ করা হয়েছে।

“সাধারণ শিক্ষক বলতে প্রধান শিক্ষক/ সহকারী প্রধান শিক্ষক/ অধ্যক্ষ/ উপাধ্যক্ষ ব্যতিত অপরাপর শিক্ষকগণকে বোঝাইবে”।

যেহেতু সাধারণ শিক্ষকগণ সকল শিক্ষকদের ভোটে নির্বাচিত হবেন এবং প্রধান শিক্ষক ও সহকারী প্রধান শিক্ষক সকল শিক্ষকের অন্তর্ভুক্ত তাই শিক্ষক প্রতিনিধি নির্বাচনে তাঁদের ভোটাধিকার প্রয়োগে আইনগত কোন বাধা নেই মর্মে প্রতীয়মান হয়। তবে প্রধান শিক্ষক ও সহকারী প্রধান শিক্ষকগণ শিক্ষক প্রতিনিধি নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন না। উল্লেখ্য, মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা হিসেবে চেয়ারম্যান মহোদয়ের সাথে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের মাধ্যমে পত্র যোগাযোগ বাঞ্ছনীয়।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

(মোহাম্মদ মঈনুল ইসলাম)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।

প্রাপক : উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
দিরাই, সুনাংগঞ্জ।

সদয় অনুলিপি :

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২. জেলা শিক্ষা অফিসার, সুনাংগঞ্জ।
৩. উপজেলা নির্বাহী কর্মকর্তা, দিরাই, সুনাংগঞ্জ।
৪. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।